গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.৯০০০.০৪২.১৪.১২১.১৭.১১১

তারিখ: ০৮ মাঘ ১৪২৯
২২ জানুয়ারি ২০২৩

**বিষয়: ২০২২-২৩ অর্থবছরে সুনামগঞ্জ জেলা পরিষদের অনুকূলে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।**

সূত্র: জেলা পরিষদ, সুনামগঞ্জ এর স্মারক ৪৬.৬০.৯০০.১০২.১৪.০০১.২২-৯৬০, তারিখ: ২১ আগষ্ট ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ২০২২-২৩ অর্থবছরে সুনামগঞ্জ জেলা পরিষদের অনুকূলে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৩.৮৬ কোটি (তিন কোটি ছিয়াশি লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৭৯টি প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত প্রকল্পসমূহের মধ্যে ক্রমিক-১, ৫, ১৬, ১৮, ১৯, ৫২, ৫৩-এ বর্ণিত মোট ১৪৫.০০ লক্ষ (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পসমূহের প্রাক্কলন প্রেরণ করা হয়নি।

২। এমতাবস্থায়, উল্লিখিত ৭টি প্রকল্পের প্রাক্কলনসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। পাশাপাশি, ত্রুটিপূর্ণ ৭টি প্রকল্প ব্যতীত অবশিষ্ট (১৭৯-৭)=১৭২টি প্রকল্প ২৪১.০০ লক্ষ (দুই কোটি একচল্লিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

**শর্তাবলী:**

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।

22/01/2023

এস এম নজরুল ইসলাম
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, সুনামগঞ্জ।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।